**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং -২০৮-আইন/আয়কর-০৩/২০২৩।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানি ব্যতীত, যে সকল Private Power Generation কোম্পানির—

(১) বাণিজ্যিক উৎপাদন ০১ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

(ক) কোম্পানির কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে ৩০ জুন, ২০৩৬ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত;

(খ) কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(গ) কোম্পানি কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(ঘ) কোম্পানি কর্তৃক প্রদেয় royalties, technical know-how and technical assistance fees এর উপর; এবং

(ঙ) কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনি আয়ের উপর।

(২) বাণিজ্যিক উৎপাদন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে আরম্ভ হইবে, সেই সকল কোম্পানিকে নিম্নবর্ণিত সারণী মোতাবেক উক্ত আইনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**সারণী**

| কর অব্যাহতির মেয়াদ | কর অব্যাহতির হার |
|---|---|
| বাণিজ্যিক উৎপাদন আরম্ভ হইতে প্রথম ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর) | ১০০% |
| পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর) | ৫০% |
| পরবর্তী ২ (দুই) বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর) | ২৫% |

**শর্তাবলি:**

(ক) উক্ত আইনের সকল বিধানাবলি পরিপালন করিতে হইবে; এবং

(খ) Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্তাবলি পূরণ করিতে হইবে এবং উক্ত Policy-তে বর্ণিত ব্যবস্থা অনুসারে কোম্পানিসমূহ পরিচালিত হইতে হইবে।

২। ১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১৯৪-আইন/আয়কর/ ২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।